

গণিতের প্রশ্ন কঠিন হওয়ার কথা স্বীকারই করতে চাচ্ছেন না কর্তাব্যক্তিরূ

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা বোর্ডে এসএসসি গণিতের প্রশ্নপত্র যে স্বরণকালের মধ্যে কঠিন হয়েছে তা শেষ মুহূর্তে এসে স্বীকারই করতে চাচ্ছেন না কর্তাব্যক্তিরূ।

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

গণিতের প্রশ্ন কঠিন হওয়ার

(প্রথম পাতার পর)

গণিত নিয়ে সিদ্ধান্তহীনতায় ফল প্রকাশে বিলম্ব ঘটছে। বড় ধরনের ফল বিপর্যয় না হওয়ায় গণিতের কঠিন প্রশ্নপত্রের ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে চাইছে না শিক্ষা মন্ত্রণালয় বা শিক্ষা বোর্ড। তবে অন্যান্য বোর্ডের সঙ্গে ফল তুলনা করে দেখা গেছে, ঢাকা বোর্ডে ফল বিপর্যয় না হলেও এডিটরের ক্ষেত্রে এই বোর্ডের পরীক্ষার্থীরা বিছিয়ে পড়বে। গণিতের কঠিন প্রশ্নপত্রের কারণে কঠিনত ঝেঁড় হাতছাড়া হয়ে যাবে অসংখ্য পরীক্ষার্থী। ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষা শেষ হবার পর থেকে মন্ত্রী, প্রতিমন্ত্রী, বোর্ড চেয়ারম্যান থেকে শুরু করে সর্বাঙ্গী, সুবাই, বলে আসছিলেন পরীক্ষার্থীদের যাতে ক্ষতি না হয় সে জন্য কিছু একটা করবেন তাঁরা। ফল প্রকাশে সজাহানেক বাকি থাকলেও শিক্ষা মন্ত্রণালয় বা শিক্ষা বোর্ডের কোন সাড়াশব্দ নেই। লাখ লাখ পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগ-উৎকর্ষা চললেও এক ধরনের নীরবতা ও সমস্যা পাশ কাটিয়ে যাবার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। রহস্যজনক এই নীরবতা পরীক্ষার্থীদের টেনশন বাড়িয়ে দিয়েছে বহুগুণে। সত্যি শিক্ষা বোর্ডের এসএসসির ফল আনুষ্ঠানিকভাবে হস্তান্তরের জন্য শিক্ষা মন্ত্রণালয় পয়লা জুলাই থেকে ৪ জুলাই পর্যন্ত প্রধানমন্ত্রীর কাছে সময় চেয়েছে বলে জানা যায়। তবে গণিতের ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। সোমবার রাত নয়টায় এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত এসএসসির ফল প্রকাশ ও গণিত বিষয়ে একটি মিটিং চলছিল।